

Total number of printed pages—4

1 (Sem-1/FYUGP) BEN41MN/(A)

2025

BENGALI

(Minor)

Paper : BEN4100104 MN

(SET-A)

(শিশু ও কিশোর সাহিত্য)

Full Marks : 60

Time : 2½ hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮
- (ক) 'ব্যোমযাত্রীর ডায়রি' গল্পের তারকবাবু সুন্দরবনের কোন অঞ্চলে প্রোফেসর শঙ্কুর ডায়রি খুঁজে পেয়েছিলেন?
- (খ) প্রকৃতির সূক্ষ্মাতিসূক্ষ্ম শব্দ শোনার জন্য প্রোফেসর শঙ্কুর আবিষ্কৃত যন্ত্রটির নাম কী?
- (গ) বালুহাঁসের দল হিমালয় পেরিয়ে কোথায় যাবার জন্য তৈরি হয়ে বেরিয়েছিল?

- (ঘ) ‘ইনি দ্বিতীয় কালাপাহাড়, হিন্দুকুলকলঙ্ক’ — কার কথা বলা হয়েছে?
- (ঙ) পাঁচুমামার পকেটে কী রঙের রুমাল ছিল?
- (চ) পদিপিসির ছেলের নাম কী?
- (ছ) হুঁকোমুখো হ্যাংলার মামার নাম কী?
- (জ) ‘খুড়োর কল’ কবিতার খুড়ো প্রথম কী বলে কেঁদে উঠেছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো ছয়টি) $২ \times ৬ = ১২$

- (ক) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘চলন-বিল’ অংশে রিদয় কার সঙ্গে, কোথায় যাবার জন্য ঘর থেকে বেরিয়েছিল?
- (খ) রিদয়ের বাপ-মা কোন মাসে তাদের ঘরে থাকা সিঁদুকটা খুলতেন? সিঁদুক থেকে কোন কোন জিনিস বের করে ঝেড়ে-পুঁছে গুছিয়ে রাখতেন?
- (গ) ‘আশ্চর্য পুতুল’ গল্পটিতে কোন আশ্চর্য প্রাণীর উল্লেখ রয়েছে? এই প্রাণীটি কোথায় পাওয়া যায়?
- (ঘ) ‘গোলক রহস্য’ গল্পের গোলকটি কে, কোথা থেকে খুঁজে পেয়েছিলেন?
- (ঙ) ‘সৎপাত্র’ কবিতার সৎপাত্র কে? তার মুখের গড়ন কেমন ছিল?
- (চ) সিংহের মনে কষ্টের কারণ কী? এই কষ্ট কীভাবে দূর হয়েছিল?

- (ছ) ‘আবোল তাবোল’ কে রচনা করেছিলেন? এই গ্রন্থটি কোন সালে প্রথম প্রকাশিত হয়?
- (জ) পদিপিসির বর্মিবাস্ত্রটি কী রঙের ছিল? পদিপিসি বর্মিবাস্ত্রটি কার কাছ থেকে আদায় করেছিলেন?
- (ঝ) পদিপিসি দেখতে কেমন ছিলেন?
- (ঞ) পদিপিসির বর্মিবাস্ত্রে যে পান্না, চুনি ও মুক্তোর উল্লেখ আছে তাদের আকার কেমন ছিল?

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) প্রোফেসর শঙ্কু মঙ্গল গ্রহে যে প্রাণীর দেখা পেয়েছিলেন, তাদের বর্ণনা দাও।
- (খ) বিখ্যাত লোকেদের প্রতিকৃতি পুতুলের মতো করে কে তৈরি করেন? পুতুলগুলির উচ্চতা কত? প্রোফেসর শঙ্কু কোন কোন পুতুল দেখে চিনতে পেরেছিলেন?
- (গ) ‘ওমা, এ যে আলাদিনের ভাঁড়ার ঘর’ — কে, কাকে এ কথা বলেছেন? কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?
- (ঘ) ‘পদিপিসির বর্মিবাস্ত্র’ গল্পের খেস্তিপিসি চরিত্র সম্পর্কে আলোচনা করো।
- (ঙ) ‘বাবুরাম সাপুড়ে’ কবিতাটিতে সাপের কী কী বৈশিষ্ট্যের উল্লেখ করা হয়েছে? সেই সাপ ধরে আনার কথা কেন বলা হয়েছে?

- (চ) ‘অতুল কীর্তি রাখল ভবে চণ্ডীদাসের খুড়ো’ — চণ্ডীদাসের খুড়ো কীভাবে নিজের কীর্তি পৃথিবীতে রাখলেন তা নিজের ভাষায় লেখো।
- (ছ) গণেশ ঠাকুরের দয়া লাভের জন্য রিদয় কী কী প্রতিজ্ঞা করেছিল?
- (জ) “সেকালে লোক ছেলে-পিলে না হলে বুড়ো হয়ে মরবার সময় যক্ বসাত।” — এখানে যক্ বলতে কী বোঝানো হয়েছে সংক্ষেপে লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও : (যে-কোনো দুটি)

১০×২=২০

- (ক) বুড়ো আংলা কে? তাকে কেন বুড়ো আংলা হতে হল তা বুঝিয়ে লেখো।
- (খ) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘চলন-বিল’ অংশের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।
- (গ) ‘গোঁফ চুরি’ কবিতার মূলভাবটি নিজের ভাষায় ব্যক্ত করো।
- (ঘ) পদিপিসির বর্মিবাস্ত্র শেষপর্যন্ত কে, কীভাবে উদ্ধার করতে পেরেছিল, তা সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) “প্রোফেসর শঙ্কু ও গোলক রহস্য” গল্পে গোলকটির প্রকৃত পরিচয় দাও। এই গল্পে গোলক রহস্যের সমাধান কীভাবে হয়েছিল, সংক্ষেপে বুঝিয়ে দাও।